

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়  
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
১৫ কলেজ রোড, ঢাকা-১০০০  
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০৩.১৯-৪৭

তারিখ : ৪ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**ত্রয়োদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৯**

১৩শ বিজেএস পরীক্ষা, ২০১৯ এর প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, [www.bjsc.gov.bd](http://www.bjsc.gov.bd) হতে BJSC Form II এর কালার প্রিন্ট নিতে হবে। উক্ত ফরম স্বহস্তে পূরণ করে তার সাথে নিম্নলিখিত কাগজপত্র A<sub>4</sub> সাইজের অফসেট কাগজে নিম্নবর্ণিত ক্রমানুসারেই দাখিল করতে হবে।

২। অনলাইনে পূরণকৃত BJSC Form I এর কালার প্রিন্টকপি। (BJSC Form I এর ভুলত্রুটি [www.bjsc.gov.bd](http://www.bjsc.gov.bd) এর 'E-Application' অথবা [bjsc.teletalk.gov.bd](http://bjsc.teletalk.gov.bd) এর 'Edit Application' Option-এ সংশোধনের সুযোগ রয়েছে)

৩। সত্যায়িত ফটোকপি :

- (ক) এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্র।
- (খ) এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্র।
- (গ) আইন বিষয়ে স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীর ক্ষেত্রে পরীক্ষা শেষ হওয়ার তারিখ উল্লিখিত অবতীর্ণ সনদ।
- (ঘ) আইন বিষয়ে স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদ এবং মূল নম্বরপত্র (একাধিক অংশসহ)।
- (ঙ) স্নাতক ও তদূর্ধ্ব ডিগ্রি থাকলে এর মূল/সাময়িক সনদ ও মূল নম্বরপত্র।
- (চ) স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষার ফলাফল হেডিং পদ্ধতিতে প্রকাশিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত শতকরা হারে পরিবর্তিত প্রাপ্ত নম্বরের প্রত্যয়নপত্র (প্রত্যয়নপত্রের নমুনা কপি ওয়েবসাইটে পাওয়া যাবে)।
- (ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (জ) আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা সিটি কর্পোরেশন) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্র।
- (ঝ) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট (যদি থাকে)।
- (ঞ) চাকুরি হতে অপসারণ আদেশ/ইন্তফাপত্র/অনাপত্তিপত্র/ছাড়পত্র (ক্ষেত্রমতে)।
- (ট) (অ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সনদপত্র।  
(আ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্রসমূহ (সনদ, গেজেট, মুক্তিবার্তা ও জাতীয় পরিচয়পত্র/এস.এস.সি পরীক্ষা পাসের সনদ)।

বিশেষ দ্রষ্টব্য : **BJSC Form I ও BJSC Form II** এর প্রিন্ট কাগজের এপিঠ-ওপিঠ করা যাবে না।

প্রার্থী প্রয়োজনীয় কাগজপত্রসমূহ A<sub>4</sub> সাইজের খামে 'সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা-১০০০' ঠিকানায় আগামী ২৪ নভেম্বর, ২০১৯ হতে ১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ পর্যন্ত অফিস সময়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌঁছানোর বিষয় নিশ্চিত করবেন। খামের উপর স্পষ্ট অক্ষরে প্রার্থীর ঠিকানা ও রোল নম্বর উল্লেখ করতে হবে। ১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ অপরাহ্ন ৫.০০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না। কমিশন সচিবালয়ের ৮ম তলায় ৮০১ নং কক্ষে আবেদনপত্র গ্রহণ করা হবে।

*Rahman*

(এস, এম, আনিসুর রহমান)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)